২৯ আগস্ট, ২০২৬

# মাগুরায় পুলিশ সদস্যকে মারধর, ভিডিও ধারণের অভিযোগ



সংগৃহীত ছবি

মাগুরা শহরে ইমরান হোসেন নামে এক পুলিশ সদস্যকে মারধরের অভিযোগ উঠেছে জেলা প্রাইভেটকার ও মাইক্রোবাস মালিক সমিতির সভাপতি নাঈমুজ্জামান নয়নের বিরুদ্ধে। ঘটনার সময় তিনি ভিডিও ধারণ করেন বলেও অভিযোগ রয়েছে। পরে এ ঘটনার আরেকটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

ইমরান হোসেন মাগুরা পুলিশ কন্ট্রোল রুমে কর্মরত। পুলিশ সুপারের কার্যালয়ে যাওয়ার পথে শহরের ভায়নার মোড় এলাকায় এ ঘটনা ঘটে বলে জানা গেছে।

স্থানীয়রা জানান, মোটরসাইকেল নিয়ে ওই এলাকা দিয়ে যাচ্ছিলেন ইমরান। এ সময় তাঁর মোটরসাইকেলের সামনে নাঈমুজ্জামান নয়ন অবস্থান করছিলেন। তাঁকে সরে যাওয়ার জন্য হর্ন দেওয়া হলেও তিনি রাস্তা থেকে না সরায় ইমরান এর কারণ জানতে চান। এ নিয়ে দুজনের মধ্যে কথা-কাটাকাটি শুরু হয়।

একপর্যায়ে উত্তেজিত হয়ে নয়ন পুলিশ সদস্য ইমরানকে মারধর করেন বলে অভিযোগ। আশপাশের লোকজন এগিয়ে এসে তাঁকে বাধা দিলে তিনি ঘটনাস্থল থেকে চলে যান।

ঘটনাটি প্রকাশ্যে ঘটায় স্থানীয় পুলিশ সদস্যদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

মাগুরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, জেলা প্রাইভেটকার ও মাইক্রোবাস মালিক সমিতির সভাপতি নাঈমুজ্জামান নয়ন এক পুলিশ সদস্যকে মারধর করেছেন বলে তাঁরা জানতে পেরেছেন। এ ঘটনায় তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।